

ISO 9001, ISO 14001 &
OHSAS 18001 Certified

সভাপতি
মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭ - ৩০ জুন, ২০১৮

সূচিপত্র

মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন-১ : মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি

সেকশন-২ : মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর কৌশলগত উদ্দেশ্য, অধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

মানিকগঞ্জ পবিস এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of Manikganj PBS)


সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

● **সাম্প্রতিক বছর সমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ:**

মানিকগঞ্জ জেলার দৌলতপুর, ঘিওর, শিবারয়, হরিরামপুর, সিংগাইর, মানিকগঞ্জ ও সাটুরিয়া উপজেলার সমন্বয়ে ১,৪৪৫বর্গ কিঃমিঃএলাকা নিয়ে মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে মানিকগঞ্জ পবিস নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গ্রামীন জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে মে'২০১৭ খ্রিঃ পর্যন্ত ৫১৩১.৭৭৩ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মান সম্পন্ন করে ৩,০৪,৬৬৯ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। অত্র পবিসের ১০টি উপকেন্দ্রের ক্ষমতা ১২০ এমভিএ এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের UREDS প্রকল্পের আওতায় মানিকগঞ্জ উপজেলায় গোলড়া ও নবগ্রাম, ঘিওর উপজেলায় পুকুরিয়া, দৌলতপুর উপজেলায় মানদারতা, শিবারয় উপজেলায় পাটুরিয়া, ইছাইলও সিংগাইর উপজেলায় ধল্লায় ০৬টি ১২০ এমভিএ ক্ষমতা সম্পন্ন উপকেন্দ্র (indoor) নির্মান কাজ চলমান রয়েছে। তাছাড়াও বাপবিবো এর জউউ উউচ-২ প্রকল্পের আওতায় মানিকগঞ্জ উপজেলায় কাটিগ্রাম এবং সিংগাইর উপজেলায় সাহরাইল এ ০২টি ৪০ এমভিএ ক্ষমতা সম্পন্ন উপকেন্দ্র নির্মাণে কার্যদেশের অপেক্ষায় আছে। অত্র পবিসের সিংগাইর উপজেলায় বিদ্যুৎ সরবরাহের উন্নতি সহ সিস্টেম লস হ্রাস কল্পে মানিকগঞ্জ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র হতে ০১টি ও সাভারে ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র হতে ০১টি যথাক্রমে ১৮কিঃ মিঃ ও ৮ কিঃমিঃ ০২টি ৩৩ কেভি ফিডার নির্মাণ করা হচ্ছে। তাছাড়া নতুন নির্মিতব্য ধামরাই ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র হতে আরো ০২টি ৩৩ কেভি ফিডার নির্মাণ করার জন্য বিওকিউ প্রস্তুত করা হয়েছে।

● **সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহঃ**

অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। অত্র পবিসের পিক লোড ১০৪ মেঃওঃ। এ পর্যন্ত চাহিদা অনুযায়ী জাতীয় গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ পাওয়া যাচ্ছে। চলমান গ্রীড ও রমজান মাসে জাতীয় গ্রীড হতে গ্রাহকের চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দেওয়া যাবে। জাতীয় গ্রীড হতে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া না গেলে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখা সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। মানিকগঞ্জ পবিসটি আবাসিক লোড সমৃদ্ধ পবিস। অত্র পবিসের আওতায় ১০টি ৩৩ কেভি বৃহৎ শিল্প রয়েছে। যাদের নিজস্ব Captive Power Generation থাকায় গ্যাস থাকলে মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির বিদ্যুৎ ব্যবহার করে না। ফলে সমিতির সিস্টেম লস বৃদ্ধি এবং রাজস্ব আনুপাতিক হাওে কমে আসছে। ২০১০-১১ অর্থ বৎসরে গড় আবাসিকবিদ্যুৎব্যবহার ৪২%, শিল্প ৩২% এবংবানিজ্যিক ১০% ছিল। ২০১৬-১৭ অর্থ বৎসরে তা আবাসিক শ্রেণী ৪৫%, শিল্প শ্রেণীর ২৬% এবংবানিজ্যিক ৯% এসেছে। ফলে সমিতির আয়ের অংশ দিন দিন কমে আসছে। তাছাড়া বর্তমানে শতভাগ বিদ্যুতায়নের ফলে বিপুল পরিমাণ নতুন লাইন তৈরী কওে আবাসিক সংযোগ প্রদান করার ফলে প্রতি কিঃমিঃ রাজস্ব কমে আসছে। অপর দিকে সিস্টেম লস নিয়ন্ত্রণ করা কষ্টসাধ্য হয়ে পড়েছে। দীর্ঘ ৫১৩১.৭৭৩ কিঃমিঃ লাইনের সঠিকরাইট-অব-ওয়ে করা সহ বকেয়া আদায় এবং প্রাকৃতিক ঝড় ও বন্যা কবলিত এলাকা হিসাবে বিভিন্ন প্রতিকূলতার মাঝে সমিতি কার্যক্রম চালিয়ে বিদ্যুৎ ব্যবস্থা সচল রাখা ও একটি চ্যালেঞ্জ।




● **ভবিষ্যৎ পরিকল্পনা :**

ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে মানিকগঞ্জ পবিস এর আওতাধীন হরিরামপুর উপজেলা গত মাচ'১৭-তে শতভাগ বিদ্যুতায়ন করা হয়েছে। সাটুরিয়া ও মানিকগঞ্জ সদর উপজেলা আগামী ডসেম্বর'১৭-তে এবং অবশিষ্ট শিবালয়, ঘিওর, দৌলতপুর, ও সিংগাইর উপজেলা সমূহ আগামী জুন'১৮ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন করা হবে। গ্রাহকগণের চাহিদাপূরণের লক্ষ্যে শতভাগ প্রকল্পের আওতায় মানিকগঞ্জ পৌরসভায় ২০এমভিএ একটি উপকেন্দ্র ও সাটুরিয়া উপজেলার তিল্লিবাজার নামক স্থানে ২০এমভিএ আর ও একটি উপকেন্দ্র নির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তাছাড়া UREDS-Phage-2 প্রকল্পের আওতায় মানিকগঞ্জ উপজেলায় ০২টি শিবালয় উপজেলায় ০১টি এবং সিংগাইর উপজেলায় ০১টি সহ মোট ০৪টি ২০ এমভি এ উপকেন্দ্র নির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ক্রমবর্ধমান লোডের চাহিদার প্রেক্ষিতে শিবালয় উপজেলার আরিচায় প্রক্রিয়াধীন ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য পিজিসিবি কর্তৃপক্ষসহ বাপবিবোর্ডে পত্র প্রদান করা হয়েছে। তাছাড়া সিংগাইর উপজেলাটি ঢাকা জেলার হেমায়েতপুর, সাভার এর সংলগ্ন হওয়ায় উক্ত উপজেলায় নতুন নতুন শিল্প প্রতিষ্ঠানসহ আবাসিক এলাকাগড়ে উঠেছে। বিধায় সিংগাইর উপজেলার দ্রুত লোডবৃদ্ধি চাহিদার প্রেক্ষিতে সিংগাইর উপজেলায় ০১টি ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ করার জন্য পিজিসিবি কর্তৃপক্ষকে প্রস্তাব প্রদান করা হয়েছে। আরিচা গ্রীড হতে ঘিওর, দৌলতপুর, হরিরামপুর ও শিবালয় উপজেলায় সমিতির নিজস্ব ও ব্যক্তি মালিকানাধীন সহ মোট ১৩টি উপকেন্দ্র (১৮১ এমভিএ) বিদ্যুৎ সরবরাহ করা হলে সমিতির বর্তমানে সিস্টেম লস্ আরো ত্রাস পেয়ে ৮% এর মধ্যে আনয়নকরা সম্ভব হবে। পাশাপাশি বকেয়া মাস ১.০০ এর নীচে অর্জনের পদক্ষেপ গ্রহণ সহ আগামী ০২ বছরের মধ্যে গ্রাহক প্রাপ্তে ৫,০০০ প্রি-পেইডমিটার স্থাপনের পরিকল্পনা রয়েছে। তাছাড়া ও মানিকগঞ্জ জেলা শহরের ওভারেড বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা পরিবর্তন করে সরকারী প্রকল্পের আওতায় আন্ডারগ্রাউন্ড ক্যাবল এর মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ:

- ০১। অত্র পবিসের আওতাধীন ০৭টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা।
- ০২। ০৬টি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ।
- ০৩। পবিসের আর্থিক সক্ষমতাবৃদ্ধি।
- ০৪। বকেয়া মাস ০.৯০ অর্জন করা।
- ০৫। ধামরাই ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র হতে ০২টি ৩৩ কেভি ফিডার লাইন নির্মাণ করা।
- ০৬। সাভার ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র হতে ০১টি ৩৩ কেভি ফিডার লাইন নির্মাণ করা। মানিকগঞ্জ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র সংলগ্ন নবনির্মিত ৩৩ কেভিসুইচিং স্টেশনে ০১টি ৩৩ কেভি ব্রেকার স্থাপনসহ নতুন ফিডার চালু করণ।



উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লীবিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিস সমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতাবৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদারকরা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে

সভাপতি, মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব

বাংলাদেশ পল্লীবিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:



সেকশন ১ :

মানিকগঞ্জ পবিস এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য সমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): মানিকগঞ্জ পবিস এর আওতাধীন সকল জনগনকে গুণগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission): জুন/২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠীকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

- ০১। বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।
- ০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।
- ০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী বৃদ্ধি।
- ০৪। আর্থিক সক্ষমতা অর্জন।

১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

- ০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।
- ০২। কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
- ০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
- ০৪। কর্ম পরিবেশ উন্নয়ন।
- ০৫। তথ্য অধিকার ও সপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।
- ০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি (Functions):

- ০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিত ভাবে বিদ্যুৎ বিতরণব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
- ০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাস করণ।
- ০৩। বিদ্যুৎ ব্যবহাওে গ্রাহকগনকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
- ০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবন যাত্রার মানোন্নয়ন।
- ০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
- ০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরণ
- ০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামতকরা।
- ০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ব মুক্তকরণ।
- ০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসনকরা।
- ১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতাবৃদ্ধি করা।
- ১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করনের মাধ্যমে সৃষ্টকর্মপরিবেশ ও সুশাসনপ্রতিষ্ঠা।
- ১২। সকল ক্ষেত্রেগুদ্বাচার কৌশলবাস্তবায়ন।
- ১৩। ডিজিটালাইজেশন ও অটোমেশনেরমাধ্যমে উত্তম সেবা নিশ্চিতকরণ।

০২

Shanin



সেকশন-২


কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ


মানিকগঞ্জ পবিস

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18)					প্রক্ষেপণ (Project ion) ২০১৮-১৯	প্রক্ষেপণ (Project ion) ২০১৯-২০
						২০১৫-১৬	২০১৬-১৭* ডিসেম্বর'১৬ পর্যন্ত	অসাধারণ	অতিউত্তম	উত্তম	চলতিমান	চলতিমানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ														
			1. System Loss (Grid Meter) [%] (w/o resale)	%	২৮	৮.৪২%	৮.৭৬%	৮.১০%						
			2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale)	Month	১৪	০.৯৫	০.৯৪	১.০০						
			3. Collection Bill (CB) Ratio (%) (without GOB rebate & resale)	%	১	৯৮.৪৭%	৯৫.৯৮%	৯৯.০০%						
			4. Collection Import (CI) Ratio (%) (w/o rebate & resale)	%	১	৯০.১৮%	৮৭.৫৭%	৯০.৯৮%						
			5. Recovery of amounts written=off	%	১	১১.৯১%	০.০০%	৫.০০%						
			6. Payment of debt service liability (Tk' 000)	Tk	৭	৬,২২৫	০	৮৫,০০০						
			7. O & M EXP. (EX. PC, Depr. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale)	Tk	২	০.৯৮	১.০৭	১.৩০						
			8. Rev. / KM of Line w/o resale (TK)' 000	Tk	১	৪৬৫	২৪২	৫০০						
			9. Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM)	%	১	৪২.০০%	১৩.০৭%	২৫.০০%						
			10. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.)	%	১	৩.৮৭%	১.৫৭%	৪.০০%						
			11. Percentage of Damaged Transformer repaired	%	১	১০০%	৬৬%	১০০%						
			12. Ratio of connected consumer (over 90 days) against service in place - (Except irrigation)	%	২	২০.০০%	২.১৬%	৩.০০%						
			13. Store Management Performance:											

B. Shams

		a. Physical Inventory of all Stores under PBS (2016-17)	%	১	১০০%	১০০%	১০০%					
		b. Timely Closeout of Mini & Force Work Order	%	১	৯৮%	২৩%	৮০%					
		14. Maintenance and Up-gradation of equipment record card (ERC)	%	২	১০০%	৮৬%	১০০%					
		15. Improvement of Power Factor		১	০.৯৪	০.৯৪	০.৯২					
		16. Action on Meter Report	%	১	১০০%	০	১০০%					
		17. Average Training hour per Employee (Hours)	Hour	২	৮২	৩৭	৭৫					
		18. Implementation of Annual Development Program (Issuance of Staking Sheet)	%	১	১১৪%	১৭৮%	১০০%					
		19. Timeliness to attend Consumer's complain	%	১	১০০%	১০০%	১০০%					
		20. System Average Interruption Duration Index (SAIDI)	Minute	২	১৭৮	৬৮	১৫০০					
		21. System Average Interruption Frequency Index (SAIFI)	Times	২	১.৭২	১	৭৮					
		22. % of overloaded Transformer	%	২	১০০%	১০০%	০.৫০%					
		23. % of New Connected Consumers	%	৩	১০০%	১৪৬%	১০০%					
		24. Accounts Payable	Month	১		১.০০	১.০০					


 (মোঃ ওবারুদ্দীন রহমান)
 সিনিয়র জেনারেল ম্যানেজার
 মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি


 সভাপতি
 সমিতি বোর্ড
 মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি



মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি


বাগজান, মূলজান, মানিকগঞ্জ।


মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের প্রস্তাবিত লক্ষ্যমাত্রা
অর্থ বছরঃ ২০১৭-২০১৮।

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪	কলাম-৫	কলাম-৬					
কৌশলগত উদ্দেশ্য (Strategic objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্ম সম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান ২০১৭-১৮				
						অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মাস	চলতি মাসের নিম্নে
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
দফতর সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৪	২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত	তারিখ	১	১৭ এপ্রিল	১৯ এপ্রিল	২০ এপ্রিল	২৩ এপ্রিল	২৫ এপ্রিল
		২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	০	০	০
		২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৫ জানুয়ারি	১৬ জানুয়ারি	১৭ জানুয়ারি	১৮ জানুয়ারি	২১ জানুয়ারি
		২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৩ জুলাই	১৬ জুলাই	১৮ জুলাই	২০ জুলাই	২৩ জুলাই
কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন	৯	মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা	অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	০	০
		দপ্তর/সংস্থার কমপক্ষে ১টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত	সেবা প্রক্রিয়া সহজীকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৯ ফেব্রুয়ারি	১৫ মার্চ	০
		উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত	তারিখ	১	৪ জানুয়ারি	১১ জানুয়ারি	১৮ জানুয়ারি	২৫ জানুয়ারি	৩১ জানুয়ারি
			এসআইপি বাস্তবায়িত	%	১	২৫				
		পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ	সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র যুগপৎ জারিকৃত	%	১	১০০	৯০	৮০	০	০
		সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান	প্রকাশিত সিটিজেনস্ চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত	%	১	১০০	৯০	৮০	৭০	৬০
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিষ্পত্তিকৃত অভিযোগ	%	১	৯০	৮০	৭০	৬০	০
		সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting room) এর ব্যবস্থা করা	নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	০	০

B. Shamin

কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪ কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কলাম-৫ কর্ম সম্পাদন সূচকের মান (Weight of PI)	কলাম-৬ লক্ষ্যমাত্রার মান ২০১৭-১৮				
						অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মাস	চলতি মাসের নিম্নে
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
		সেবার মান সম্পর্কে সেবাপ্রার্থীদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	সেবাপ্রার্থীদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৯ ফেব্রুয়ারি	০	০
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৪	সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষনসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষন আয়োজন	প্রশিক্ষনের সময়	জনঘন্টা	২	৬০	৫৫	৫০	৪৫	৪০
		জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত	তারিখ	১	১৬ জুলাই	৩১ জুলাই	০	০	০
			নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	০	০	০
তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ	১	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	০.৫	৮০	৭০	৬০	০	০
		স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত	স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত	%	০.৫	১০০	৯০	৮৫	৮০	৭৫
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	২	অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	২	৫০	৪৫	৪০	৩৫	৩০


 মোঃ ক্বামরুল হোসেন
 সিনিয়র জেনারেল ম্যানেজার
 মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি


 সভাপতি
 সমিতি বোর্ড
 মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি


আমি, সভাপতি, মানিকগঞ্জ পল্লীবিদ্যুৎ সমিতি সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।


স্বাক্ষর:

স্বাক্ষরিত:


তারিখ : ১৫/০৬/২০১৭ খ্রিঃ



সিনিয়র জেনারেল ম্যানেজার
মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
(মোঃ শহিদুল করিম)
সিনিয়র জেনারেল ম্যানেজার
মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি



সভাপতি
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সিনিয়র সচিব (পবিস)
মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি



পরিচালক, পবিস ব্যবস্থাপনা পরিচালন
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
(মোঃ শহিদুল করিম)
উপ-পরিচালক (কেঃ অঃ)
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
পবিস টাঃ ও পঃ (কেঃ অঃ) পরিদপ্তর



সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
(হাসিনা বেগম)
উপ-সচিব (বোর্ড)
৩
সচিব (অঃ দায়িত্ব), বাংলাদেশ বোর্ড